

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:19-03-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যে উন্নত বীজ তৈরির জন্য গবেষণা অব্যাহত রাখতে কৃষি বিজ্ঞানীদের পরামর্শ দেন। গতকাল অরুন্ধতীনগরে স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশন পরিদর্শনকালে তিনি এই পরামর্শ দেন। রাজ্যপাল সেখানে কৃষি আধিকারিকদের সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। পরে রাজ্যপাল এই স্টেশনের সিড মিউজিয়াম, ধান ও অন্যান্য শস্যের প্রদর্শনীমূলক চাষের জায়গা এবং জৈব পদ্ধতিতে উৎপাদিত ফসল চাষের এলাকা পরিদর্শন করেন।

ECI :

নির্বাচন কমিশন গতকাল গুজরাট, উত্তরপ্রদেশ, বিহার, ঝাড়খণ্ড, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডের স্বরাষ্ট্রসচিবদের অপসারণ করেছে। এছাড়া পশ্চিমবঙ্গ পুলিশের মহানির্দেশককেও সরিয়ে দেয়া হয়েছে। মিজোরাম এবং হিমাচল প্রদেশের সাধারণ প্রশাসনিক বিভাগের সচিবদেরও বদলি করা হয়েছে। এছাড়াও, বৃহৎ মুম্বই মিউনিসিপ্যাল কমিশনার ইকবাল সিং চাহালের পাশাপাশি অতিরিক্ত কমিশনার এবং ডেপুটি কমিশনারদের অপসারণের নির্দেশ দেয়া হয়েছে।

Supreme Court on electoral Bond :

সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বাধীন পাঁচ সদস্যের বেঞ্চ নির্বাচনী বন্ড নিয়ে যাবতীয় তথ্য প্রকাশ্যে আনতে গতকাল স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে। এই নির্দেশে আরো বলা হয়েছে, নির্বাচনী বন্ডের ক্রমিক নম্বরগুলি প্রকাশ্যে আনতে হবে এবং স্টেট ব্যাঙ্ক কোনও তথ্য অসম্পূর্ণ রাখেনি এই মর্মে একটি হলফনামা দাখিল করতে হবে। স্টেট ব্যাঙ্ক নতুন তথ্য জমা দিলে ফের তা সরকারি ওয়েবসাইটে তুলে ধরতে নির্দেশ দেওয়া হয়েছে নির্বাচন কমিশনকে।

Zero covid :

রাজ্যের একমাত্র করোনা আক্রান্ত রোগী সুস্থ হয়ে উঠেছেন বলে স্বাস্থ্য দপ্তরের মিডিয়া বুলেটিনে জানানো হয়েছে । ফলে আবারও করোনামুক্ত হল রাজ্য। গত ২৪ ঘন্টায় নতুন করে ২০৭ জনের নমুনা পরীক্ষা হলেও কারও শরীরে করোনার জীবানু পাওয়া যায়নি।

BSF raid :

বিএসএফ এবং পুলিশের যৌথ অভিযানে গতকাল রাতে সোনামুড়া থানার রবীন্দ্রনগর এলাকা থেকে প্রায় দেড় কোটি টাকার নেশাদ্রব্য উদ্ধার হয়েছে। স্থানীয় একটি বাড়িতে তল্লাশি চালিয়ে ৭০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে বিএসএফ এবং পুলিশ । নেশার

ট্যাবলেট ছাড়াও ২ লক্ষ ৩১ হাজার টাকা বাজেয়াপ্ত করা হয়। এই ঘটনায় এনডিপিএস আইনে একটি মামলা নেওয়া হয়েছে বলে ওসি জানান।

Organisational meeting :

বিজেপি'র নির্বাচন পরিচালনা কমিটির এক বৈঠক গতকাল আগরতলায় অনুষ্ঠিত হয়। বৈঠকে লোকসভা নির্বাচনে দলের নির্বাচনী রণকৌশল নিয়ে আলোচনা হয়েছে। সেখানে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, দলের ত্রিপুরা ও আসাম প্রদেশের সংগঠন মহামন্ত্রী রবীন্দ্র রাজু, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়-সহ অন্যান্য নেতৃবৃন্দ।

Election Campaign :

সোনামুড়া মহকুমার কাঠালিয়া বাজারে গতকাল পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহার সমর্থনে সি.পি.আই.এম-এর উদ্যোগে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন সি.পি.আই.এম সিপাহীজলা জেলা কমিটির সম্পাদক ভানুলাল সাহা, বিধায়ক শ্যামল চক্রবর্তী, প্রমুখ। তাছাড়া সোনামুড়ার বেজিমায়া এলাকায় গতকাল বি.জে.পি'র উদ্যোগে আয়োজিত নির্বাচনী সভায় বক্তব্য রাখেন দলের সংখ্যালঘু মোর্চার রাজ্য সভাপতি বিল্লাল মিয়া-সহ অন্যান্য নেতৃবৃন্দ।

এদিকে, গতকাল পশ্চিম আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে রানিরবাজার ও জিরানিয়ায় আয়োজিত নির্বাচনী সভায় বক্তব্য রাখেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

SFI Deputation:

নার্সিং এবং প্যারামেডিকেল কলেজগুলিতে আগামী শিক্ষাবর্ষে ফি বৃদ্ধি না করা-সহ চার দফা দাবিতে গতকাল মেডিক্যাল শিক্ষা অধিকর্তার কাছে স্মারক লিপি দিয়েছে এসএফ-এর মেডিকোস অঞ্চল কমিটি । সেখানে উপস্থিত ছিলেন মেডিকোস অঞ্চল কমিটির সম্পাদক ডা. সৌখিন চক্রবর্তী, ডা. সৌরভ দেব প্রমুখ।

Ganja recovery :

আগরতলা রেল স্টেশনে ট্রেনে তল্লাশি করে গতকাল সন্ধ্যায় পুলিশ বিহারের বাসিন্দা তিন গাঁজা পাচারকারীকে গ্রেপ্তার করেছে। জিআরপি থানার ওসি জানিয়েছেন, ধৃতদের ব্যাগে তল্লাশি করে ৪৬ কেজি গাঁজা পাওয়া যায়। তাদের বাড়ি বিহারে।

DM visit - Strong room :

পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডঃ বিশাল কুমার গতকাল উমাকান্ত একাডেমীতে স্ট্রং রুম ও কাউন্টিং হল পরিদর্শন করেন। পরিদর্শনকালে ডঃ কুমার স্ট্রং রুমের সুরক্ষা ব্যবস্থার দিকটিও

খতিয়ে দেখেন। তিনি বলেন, খুব শীঘ্রই সিসিটিভি ক্যামেরা সহ অন্যান্য সুরক্ষার সরঞ্জাম এসে পৌঁছুবে।

Weather :

আজকের আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাপমাত্রা থাকবে সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি ।
